সমকাল

তারিখ 23 JUL 2016
পৃষ্ঠা ২ কলাম ২

নর্থ সাউথে মতবিনিময়

# অভিভাবকদের মধ্যে ক্ষোভ-হতাশা

■ সমকাল প্রতিবেদক

শিক্ষার্থীদের জঙ্গিবাদে জড়িয়ে পড়ার প্রেক্ষাপটে তাদের অভিভাবকদের সঙ্গে ধারাবাহিকভাবে মতবিনিময় করছে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। গতকাল শুক্রবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এই মতবিনিময় শুরু হয়েছে। এ সময় অভিভাবকরা প্রচণ্ড ক্ষোভ ও হতাশা প্রকাশ করে বলেন, 'আমাদের সন্তানেরা নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হিসেবে পরিচয় দিতে এখন ভয় পায়। এই পরিচয়ের কারণে দেশে-বিদেশে হয়রানির শিকার হতে হচ্ছে। দেশের ভেতরে পুলিশ হয়রানি করে। বিদেশে কোথাও বিমানবন্দরে বাড়তি জেরা করে। অনেকেই বাড়ি ভাড়া দিতে চায় না।' এই অবস্থা থেকে পরিত্রাণে তারা বিশ্ববিদ্যালয়ের জন্য হল নির্মাণ, বাস সার্ভিস চালুর পরামর্শ দেন।

গতকাল প্রথম দিন সকাল ও বিকেলে দুটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। দুই সেশনে প্রায় দেড় হাজার অভিভাবক উপস্থিত ছিলেন। অনুষ্ঠানগুলো অনলাইন ও ফেসবুকে সরাসরি সম্প্রচার করা হচ্ছে। দেশ-বিদেশে শিক্ষার্থী-অভিভাবকরা তা দেখছেন। সভায় বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের (বিওটি) সভাপতি আজিমউদ্দিন আহমেদ ও উপাচার্য (ভিসি) অধ্যাপক আতিকুল ইসলাম বক্তৃতা করেন। উন্মুক্ত পর্বে অভিভাবকরা আলোচনা ও বিভিন্ন প্রশ্ন রাখেন কর্তৃপক্ষের কাছে। আজ শনিবারও বসুন্ধরা আবাসিক এলাকার ক্যাম্পাসে দুই সেশনে মতবিনিময় চলবে।

উন্মুক্ত আলোচনা ও প্রশ্নোত্তর পর্বে বেশিরভাগ অভিভাবক বিশ্ববিদ্যালয়ে মুক্তিযুদ্ধের চেতনা, বাংলাদেশের ইতিহাস ও ঐতিহ্য, জাতীয় দিবস উদযাপন বাড়ানোর পরামর্শ দেন। এক ছাত্রীর মা বলেন, রাস্তায় পুলিশ নর্থ সাউথের শিক্ষার্থীদের হয়রানি করছে। নর্থ সাউথের শিক্ষার্থী শুনলেই বলে, নর্থ সাউথের শিক্ষার্থী? এরপরই তাকে তল্লাশি করা হচ্ছে। অনেকেই নর্থ সাউথের শিক্ষার্থীদের বাসা ভাড়া দিতে চাচ্ছেন না বলে উল্লেখ করেন তিনি। যেহেতু শিক্ষার্থীদের বাসা ভাড়া পেতে সমস্যা হচ্ছে, তাই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে বসুন্ধরা আবাসিক এলাকায় বাড়ি ভাড়া নিয়ে হোস্টেল তৈরি করার আহ্বান জানান তিনি। এই অভিভাবকের জবাবে ভিসি আতিকুল ইসলাম বলেন, বাসার বিষয়ে চিন্তা-ভাবনা ছিল না। তবে এবার বিষয়টি ভাবা হবে।

এক ছাত্রের মা তার বাসা নিকুঞ্জ এলাকায় জানিয়ে বলেন, 'আমার ছেলে এই বিশ্ববিদ্যালয়ে পড়ে খুবই গর্বিত। এখন সে ভয় পাচ্ছে। ইদানীং সে কারও কাছে নর্থ সাউথের পরিচয় দিতে চাচ্ছে না।' তিনি বলেন, 'আমার বাড়ি ভাড়া নেওয়ার জন্য কয়েকদিন ধরে ছাত্ররা আসছে। গতকাল নর্থ সাউথের কয়েকজন ছাত্র গিয়ে আমাকে বলে, ম্যাডাম বিশ্ববিদ্যালয়ে তো অভিভাবকদের ডাকছে, আপনি গিয়ে অন্তত আমাদের বাড়ি ভাড়ার বিষয়ে বলবেন। খুব সমস্যায় আছি। বাসা ভাড়া পাচ্ছি না।' প্রত্যেক আবাসিক এলাকায় হাউজিং সোসাইটি আছে। এসব সোসাইটির কর্তৃপক্ষকে নর্থ সাউথের পক্ষ থেকে বাড়ি ভাড়া দেওয়ার বিষয়ে বলার অনুরোধ জানান তিনি।

আরেক ছাত্রের বাবা বলেন, নর্থ সাউথের শিক্ষার্থীদের যাতে অন্যভাবে দেখা না হয় এ জন্য পুলিশের সঙ্গে বিশ্ববিদ্যালয়টির কর্তৃপক্ষের আলোচনা করার অনুরোধ জানান। অপর এক অভিভাবক ভিসিকে ■ পৃষ্ঠা ১৭ : কলাম ১

## অভিভাবকদের মধ্যে

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

উদ্দেশ করে বলেন, আপনারা বলছেন, লাইব্রেরিতে মুক্তিযুদ্ধের অনেক বই রেখেছেন, কিন্তু মুক্তিযুদ্ধভিত্তিক কোনো অনুষ্ঠান, দেশীয় সংস্কৃতির অনুষ্ঠান করা হয় কি-না? জবাবে ভিসি বলেন, স্বাধীনতা দিবস, বিজয় দিবসসহ দেশীয় সংস্কৃতির সব অনুষ্ঠান এখানে করা হয়। আরেক ছাত্রীর বাবা বলেন, 'আমার মেয়ে সম্প্রতি ইন্দোনেশিয়ায় গেছে। নর্থ সাউথের শিক্ষার্থীর কথা শুনে সেখানকার এয়ারপোর্টের পুলিশ তাকে নানাভাবে জেরা করে। বলে জঙ্গি কি-না?' তিনি আরও বলেন, 'দেশের রাজনীতি থেকে সরিয়ে রাখার জন্য প্রাইভেট ইউনিভার্সিটিতে পড়তে দিয়েছি। কিন্তু এখন শিক্ষার্থীদের নানাভাবে হয়রানি হতে হচ্ছে।'

মতবিনিময় সভায় ভিসি অধ্যাপক আতিকুল ইসলাম বলেন, জঙ্গিবাদ একটা 'মহাজীবাণু'। জঙ্গি সৃষ্টির উৎপাদন ক্ষেত্র নর্থ সাউথে হবে না। শিক্ষার্থীদের এর থেকে রক্ষায় সব ধরনের পদক্ষেপ নেওয়া হয়েছে। নিরাপত্তা জোরদার করা হয়েছে। এখন থেকে ক্যাম্পাসে প্রবেশ এবং বের হওয়ার সময়ে শিক্ষার্থীদের কার্ড পাঞ্চ করতে হবে। কোনো শিক্ষার্থী তিনদিন ক্লাসে উপস্থিত না হলে বাবা-মাকে জানানো হবে। প্রত্যেক শিক্ষার্থীকে এখন থেকে বাংলাদেশ বিষয়ক তিনটি কোর্স পড়তে হবে। ক্লাসে কোনো শিক্ষক যাতে জঙ্গিবাদী ইঙ্গিতও দিতে না পারে, সে বিষয়েও তারা সজাগ আছেন।

সকালে উদ্বোধনী পর্বে বিওটি সভাপতি আজিমউদ্দিন আহমেদ বলেন, ক্যাম্পাসের এমন কোনো জায়গা নেই যেখানে সিসিটিভি নেই। দু'একটি বিচ্ছিন্ন ঘটনা হয়েছে। এটা শুধু এ বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্রদের একক ঘটনা নয়। অন্যান্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরাও আছে। তারপরও এই বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের এমন অনাকাঙ্ক্ষিত ঘটনায় জড়ানোর জন্যে আমরা দুঃখ প্রকাশ করছি। ভবিষ্যতে যাতে কেউ না জড়ায় সে ব্যাপারে আমরা সচেষ্ট থাকব।

**আরও কয়েকজন শিক্ষক সন্দেহে :** জঙ্গি কর্মকাণ্ডে জড়িত থাকার সন্দেহে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের আরও কয়েকজন শিক্ষক নজরদারিতে রয়েছেন বলে জানা গেছে। সম্প্রতি ইউজিসির তদন্ত দল নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় পরিদর্শনকালে এসব শিক্ষকের বিরুদ্ধে জঙ্গি সম্পৃক্ততার ব্যাপারে সন্দেহজনক তথ্য পায়। ইউজিসি ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় সূত্রে এ তথ্য জানা গেছে।

এ বিষয়ে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আতিকুল ইসলামের বরাত দিয়ে জনসংযোগ বিভাগের উপপরিচালক বেলাল আহমেদ সমকালকে বলেন, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ বিভিন্ন দিক থেকে অনেকের ব্যাপারে অভিযোগ আসছে। এগুলো যাচাই-বাছাই করে দেখা হচ্ছে।

এ বিষয়ে ইউজিসি সদস্য অধ্যাপক ড. দিল আফরোজা বেগম সমকালকে বলেন, আমরা কয়েকজন শিক্ষকের বিষয়ে তথ্য চেয়েছি। এখনও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তা দেয়নি। তবে ... নাম তদন্তের স্বার্থে ... যাবে না।